

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১২৯৩

আগরতলা, ২০ সেপ্টেম্বর, ২০২৪

সবুজ ত্রিপুরার লক্ষ্যে সাশ্রয়ী ও টেকসই জীবনধারা
আগামীকাল প্রজ্ঞাভবনে মডেল প্রদর্শন ও প্রতিযোগিতা

ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ ‘সবুজ ত্রিপুরার লক্ষ্যে সাশ্রয়ী ও টেকসই জীবনধারা’ এই থিমের উপর রাজ্যস্তরীয় মডেল প্রদর্শন ও প্রতিযোগিতার আয়োজন করেছে। আগামীকাল প্রজ্ঞাভবনে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

রাজ্যের আটটি জেলা জুড়ে অনুষ্ঠিত জেলাস্তরীয় প্রতিযোগিতার পর প্রতিটি জেলা থেকে শীর্ষ পাঁচ প্রতিযোগীকে রাজ্যস্তরের প্রতিযোগিতায় অংশ নেওয়ার জন্য নির্বাচিত করা হয়েছে। এই উদ্যোগের মূল লক্ষ্য হচ্ছে ছাত্রছাত্রীদের মধ্যে পরিবেশ রক্ষার বিষয়ে উদ্ভাবনী শক্তির বিকাশ এবং সৃজনশীল মানসিকতা তৈরি করা। তাদের এই প্রয়াস নির্মল এবং সুস্থ ত্রিপুরা বিকাশে সহায়ক হবে।

এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের মন্ত্রী অনিমেস দেববর্মা। তাছাড়া উপস্থিত থাকবেন বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের সচিব তথা ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চেয়ারম্যান ড. কে শশীকুমার, বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের অধিকর্তা মহেন্দ্র সিং এবং বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা।

এই প্রদর্শনীতে বর্জ্য ব্যবস্থাপনা, শক্তি সংরক্ষণ, জল পরিশোধন এবং পরিবেশবান্ধব পণ্যের উদ্ভাবনী ইত্যাদি বিভিন্ন বিষয়ক মডেল প্রদর্শিত হবে। উক্ত অনুষ্ঠানে সার্কুলার ইকোনমির উপর অনুষ্ঠিত হ্যাকাথন প্রতিযোগিতার বিজয়ীদেরও পুরস্কৃত করা হবে। সম্পদের পুনর্ব্যবহার করে দেশের অর্থনীতিকে সমৃদ্ধ করার লক্ষ্যে ছাত্রছাত্রীদের উদ্ভাবনী চিন্তাধারার বিকাশই এই ধরনের প্রতিযোগিতার লক্ষ্য। রাজ্যজুড়ে বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীরা এই অনুষ্ঠানে উপস্থিত থাকবে। ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ থেকে এই সংবাদ জানানো হয়েছে।
